REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA
Date : 11-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

---

**PM :**

ভারত-ফ্রান্সের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ককে জোরদার করতে গতকাল রাতে প্যারিসে পৌঁছোন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ প্রধানমন্ত্রী শ্রী মোদী ফ্রান্সের রাষ্ট্রপতি ইম্যানুয়েল ম্যাকরোর সাথে এআই অ্যাকশন সামিটের সহ-সভাপতিত্ব করবেন। ভারতে ও ফ্রান্সের মধ্যে কৌশলগত অংশীদারিত্বকে জোরদার করতে ১৩ বিলিয়ন মার্কিন ডলারের থেকে বেশি দ্বিপাক্ষিক বাণিজ্য, প্রতিরক্ষা, ডিজিটাল প্রযুক্তির মতো গুরুত্বপূর্ণ ক্রমবর্ধমান বিনিয়োগের বিষয়গুলো উপর এই সফরে আলোকপাত করা হবে।

*****************************

**Pariksha Pe Charcha-Khowai :**

খোয়াই জেলার সবকটি সরকারি এবং বেসরকারি বিদ্যালয়ে গতকাল "পরীক্ষা পে চর্চা" অনুষ্ঠান সরাসরি দেখানো হয়। স্কুলের ছাত্র-ছাত্রী থেকে শুরু করে শিক্ষক শিক্ষিকা এবং অভিভাবকরাও এই অনুষ্ঠান দেখেন।

****************************

**Unani Day :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নয়াদিল্লিতে ইউনানি দিবসের উপর দুই দিনের আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করবেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিংও এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

প্রতি বছর, ১১ই ফেব্রুয়ারি বিশিষ্ট ইউনানি চিকিৎসক, শিক্ষাবিদ এবং স্বাধীনতা সংগ্রামী হাকিম আজমল খানের জন্মবার্ষিকী ইউনানি দিবস হিসেবে উদযাপন করা হয়।

*****************************

**India Energy Week 2025 :**

ভারত শক্তি সপ্তাহ ২০২৫ আজ থেকে নতুন দিল্লিতে শুরু হচ্ছে। গতকাল নয়াদিল্লিতে সংবাদমাধ্যমের সাথে কথা বলতে গিয়ে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চার দিনের এই মেগা ইভেন্টটি ভার্চুয়ালি উদ্বোধন করবেন। তিনি বলেন, মন্ত্রী এবং সিইওদের অংশগ্রহণ, প্রদর্শনীর স্থান এবং অধিবেশনের সংখ্যার দিক থেকে চার দিনের এই অনুষ্ঠানটি বিশ্বব্যাপী দ্বিতীয় বৃহত্তম জ্বালানি বিষয়ক অনুষ্ঠান হবে।

******************************

**Bharat Rang Mahotsav :**

ন্যাশনাল স্কুল অফ ড্রামার উদ্যোগে এবং রাজ্য সরকারের সহযোগিতায়  আজ থেকে ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত পাঁচ দিনব্যাপী ভারত রঙ্গ মহোৎসব অনুষ্ঠিত হবে আগরতলার নজরুল কলাক্ষেত্রে। এই মহোৎসবে মোট পাঁচটি দল অংশগ্রহণ করবে। এরমধ্যে দিল্লি ও ত্রিপুরা থেকে দুটো করে দল এবং অরুণাচল থেকে একটি দল অংশগ্রহণ করবে। আজ উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা সাড়ে পাঁচটায়। প্রতিদিন সন্ধ্যা সাড়ে ৬টা থেকে নাটক শুরু হবে।

**************************

**Mahakumbh :**

মধ্য রেলওয়ের প্রধান জনসংযোগ কর্মকর্তা স্বপ্নীল নীলা জানিয়েছেন যে প্রয়াগরাজে কুম্ভমেলায় পূণ্যার্থী দের সহায়তার

জন্য, মধ্য রেলওয়ে এই অঞ্চলে ১৬টি ট্রেন পরিচালনা করছে এবং সমস্ত স্টেশনের পরিস্থিতি সুষ্ঠু রয়েছে।

শ্রী নীলা আরও বলেন যে, কুম্ভমেলায় ভ্রমণকারীদের সুবিধার্থে, ভারতীয় রেলওয়ে প্রয়াগরাজের আশেপাশে ৮টি রেলওয়ে স্টেশন তৈরি করেছে এবং এই সমস্ত স্টেশনে পরিবহন পরিষেবা সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও উল্লেখ করেছেন যে, প্রয়োজনে রেল প্রশাসন আরও ট্রেন চালানোর জন্য প্রস্তুত।

******************************

**Blood Donation :**

অগ্নিনির্বাপক দপ্তরের উদ্যোগে গতকাল কৈলাশহর এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। শিবিরে ঊনকোটি ও উত্তর ত্রিপুরা জেলার মোট ৫২ জন অগ্নি নির্বাপক কর্মী স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**PM Ujjwala Yojna :**

২০১৬ সালে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা চালু হওয়ার পর থেকে ১০ কোটিরও বেশি এলপিজি সংযোগ সুবিধাভোগীদের মধ্যে বিতরণ করা হয়েছে। রাজ্যসভায় এক লিখিত জবাবে, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী সুরেশ জানিয়েছেন যে দেশে এলপিজি সংযোগ প্রদানের জন্য ২৯ লক্ষেরও বেশি আবেদন বিচারাধীন রয়েছে।

*******************************

**Beti Bachao Beti Padhao :**

পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের উদ্যোগে প্রি-কনসেপশন এবং প্রি-নেটাল ডায়াগনস্টিক টেকনিক অ্যাক্ট বিষয়ক এক দিবসে কর্মশালা গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হয়।

বেটি বাঁচাও বেটি পড়াও কার্যক্রমের অঙ্গ হিসেবেই আজকের এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

****************************

**National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৩২৯টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৪৭টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩৩টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় স্থানে এবং ৩২টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, এথলেটিক্সে মহিলাদের চার গুন চারশ মিটার রীলেতে স্বর্ণপদক পেয়েছে পাঞ্জাব। এই বিভাগে কর্ণাটক রূপো ও হরিয়ানা ব্রোঞ্জ পদক পায়। আধুনিক পেন্টাথলনে মহিলাদের দলগত বিভাগে তৃতীয় রাউন্ডের শেষে মধ্যপ্রদেশ একনম্বরে রয়েছে। পরের দুটি স্থানে রয়েছে উত্তরাখণ্ড ও ঝাড়খন্ড।

*************************

**Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৪  দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************